



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন  
শিল্প মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিএম, প্রধান কার্যালয়  
www.bsti.gov.bd  
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০৭১.২৩.৮৪০ / ১০২৪

১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

কমিশনার অব কাউন্স, কাউন্স হাউজ, আইসিডি, কমলাপুর, ঢাকা।

বিষয়: এসসি নং ১৩৩৫২৪০১০০৫৪, তারিখ: ২৪-০১-২০২৪, বিল অব এন্ট্রি নং- সি ৬৯৪৯, তারিখ: ২০-০৩-২০২৪ এর মাধ্যমে সিআপূর হতে আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর (গরিমান: ৯৬ পিস) ছাড়করণে জন্য সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র:

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের এস আর ও নং ৯২-আইন/২০২২; তারিখ: ২০-০৪-২০২২ মূলে জারীকৃত আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ অনুযায়ী বিএসটিআই'র বাধ্যতামূলক সিএম লাইসেন্স এর আওতাভুক্ত আমদানিকৃত রেফ্রিজারেটর পণ্য বন্দর হতে খালাস প্রক্রিয়া সহজিকরণের জন্য বিশেষ ক্ষেত্র বিবেচনায় নিম্নবর্ণিত শর্তে সাময়িক ছাড়পত্র প্রদান করা হলো:

শর্তসমূহ:

- সাময়িক ছাড়পত্র ইস্যুর পর আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর (৯৬ পিস) পণ্য অনধিক ৩ (তিন) দিনের মধ্যে আমদানিকারকের নিজস্ব ওয়্যারহাউজ/গুদামে মালামাল স্থানান্তর পূর্বক বিএসটিআইকে অবহিত করতে হবে।
- বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে উক্ত ওয়্যারহাউজ/গুদাম যাচাই করে সিলগালা করবে এবং চূড়ান্ত ছাড়পত্র ইস্যু না হওয়া পর্যন্ত মালামাল বাড়ী#১১০/২, রোড#০২, ওয়ার্ড#০৬, ব্লক #বি, টাশাবারি, আশুলিয়া, ঢাকা ওয়্যারহাউজ/গুদামে সিলগালা অবস্থায় থাকবে।
- বিএসটিআই কর্তৃক চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পূর্বে কোন অবস্থাতেই উক্ত পণ্য বিক্রয়-বিতরণ করা যাবে না।
- বিএসটিআই জমাকৃত নমুনা সিটিজেন চার্চারে উল্লেখিত সময়ের মধ্যে পরীক্ষণ (Test) করবে। বিএসটিআই'র পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক পাওয়া গেলে উক্ত পণ্যের অনুকূলে চূড়ান্ত ছাড়পত্র প্রদানসহ সিলকৃত ওয়্যারহাউজ/গুদাম বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে খুলে দিবে।
- পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক না হলে চূড়ান্ত ছাড়পত্র প্রদান করা হবে না ও কাউন্স কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হবে এবং এ মালামাল বিক্রি-বিতরণ করলে বিএসটিআই আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- আমদানিকৃত পণ্য বিডিএস অনুযায়ী পরীক্ষণে অকৃতকার্য হলে আমদানিকারক নিজ জিম্মায় বিএসটিআই'র কর্মকর্তাদের উপস্থিতিতে মালামাল ধ্বংস করবে এবং বিএসটিআই'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে একটি প্রতিবেদন তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- উপরোক্ত নিয়মের ব্যত্যয় ঘটলে আমদানিকারকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ উক্ত প্রতিষ্ঠানকে ভবিষ্যতে কোনো সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে না।